# ञह्य-लीला

- conser-

## ত্রয়োদশ পরিচ্ছেদ

ক্ষণবিচ্ছেদজাতার্ক্যা ক্ষীণে চাপি মনস্তন্।
দধাতে ফুল্লতাং ভাবৈর্থস্থ তং গৌরমাপ্রয়ে॥ ১
জয় জয় শ্রীতিতত্তা জয় নিত্যানন্দ।
জয়াদ্বৈতচন্দ্র জয় গৌরভক্তবৃন্দ॥ ১

হেনমতে মহাপ্রভু জগদানন্দ সঙ্গে। নানামতে আস্বাদয়ে প্রেমের তরঙ্গে॥ ২ কুফের বিচ্ছেদতুঃখে ক্ষীণ মন কায়। ভাবাবেশে তভু কভু প্রফুল্লিত হয়॥ ৩

## সোবের দংস্কৃত চীকা।

ক্বফন্ত যো বিচ্ছেদ তেন জাতা প্রাত্তূতা যা আর্ত্তিক্ষেগ স্তয়া ক্ষীণে অপি ননস্তন্কর্ত্রে । ফুলতাম্। চক্রবর্ত্তী। ১

## গৌর-কুপা-তরঙ্গিণী চীকা।

অস্তালীলার এই ত্রেয়োদশ-পরিচ্ছেদে প্রাভুর ক্ষাবিচ্ছেদ-ছ্:খ, শ্রীজগদানন্দের বুলাবনগমন, শ্রীবৃন্দাবন শ্রীপাদসনাতনগোস্বামিকর্তৃক শ্রীজগদানন্দের গৌরপ্রীতি-পরীক্ষা, শ্রীমন্মহাপ্রভু কর্তৃক দেবদাসী-গীত গান শ্রবণ, শ্রীরঘুনাথ-ভট্টের প্রতি প্রভুর ক্লা প্রভৃতি বর্ণিত হইয়াছে।

্রো। ১। স্বায়। যভ (বাঁহার) মনস্তনূ (মন এবং দেহ) ক্ফাবিচ্ছেদ-জাতার্ত্তা ( শ্রীক্ফাবিরহজনিত পীড়ায়) শীনে চ অপি ( শ্বীন হইয়াও ) ভাবৈঃ ( শ্রীকৃঞ্চ-সম্বন্ধি ভাবসমূহ দারা ) ফুল্লভাং ( প্রেফুল্লভা ) দ্ধাতে (ধারন করে ), ডং ( সেই ) গৌরং ( গৌরচন্ত্রকে ) আশ্রয়ে ( আনি আশ্রয়ে করি — জাঁহার শ্রণাগত হই )।

প্রমুবাদ। শ্রীরুফ্ট-বিরহ্জনিত পীড়ায় ক্ষীণ হইয়াও গাঁহার দেহ এবং মন শ্রীরুফ্ট-স্থন্ধি-ভাবসমূহ দারা প্রফুল্লতা ধারণ করে, আমি সেই শ্রীগোরচন্দ্রের শরণাগত হই।

মনস্তন্—মন এবং তম্ব (দেহ); কৃষ্ণবিচ্ছেদ-জাভার্ত্যা—ক্লঞ্চের বিচ্ছেদ (বিরহ), তদ্বারা জাতা (উৎপাদিতা) যে আর্ত্তি (পীড়া), তদ্বারা; শ্রীক্লফের বিরহ-যন্ত্রণায়। ক্ষীণে—কুশ।

শীরাধার ভাবে শীরুষণের বিরহ-যন্ত্রণায় শীমন্মহাপ্রভুর শীঅঙ্গ অত্যস্ত রুশ হইয়া গিয়াছিল; তাঁহার মনও অত্যস্ত নিরানন—সুতরাং সঙ্কৃতিত—হইয়া গিয়াছিল; তথাপি কিন্তু শীরুষণ-সম্বন্ধি-ভাবের প্রভাবে সময় সময় তাঁহার দেহ ও মন প্রকৃত্ত হইত। পরবর্তী ভা১০০০ প্রারের দীকা দুইব্য।

এই শোকে এই পরিচ্ছেদের প্রধান বর্ণনীয় বিষয়—শ্রীমন্মহাপ্রভুর রুঞ্বিচ্ছেদ-তৃঃথের—ইঞ্চিত দেওয়া হইয়াছে।

- ২। **প্রেমের ভরফে**—প্রেমের বৈচিত্রী।
- ৩। কুষ্ণের বিচ্ছেদ-ছঃখে—শ্রীরাধাভাবে ভাবিত শ্রীমন্মহাপ্রভুর দেহ ও মন শ্রীকৃষ্ণবিরহ**জ**নিত হুঃখে

কলার শরলাতে শয়ন, ক্ষীণ অতি কায়।
শরলাতে হাড় লাগে ব্যথা লাগে গায়॥ ৪
দেখি সব ভক্তগণের মহাতঃখ হৈল।
সহিতে নারে জগদানন্দ উপায় হজিল॥ ৫
সূক্ষাবস্ত্র আনি গৈরিক দিয়া রাঙ্গাইল।
শিমুলীর তূলা দিয়া তাহা ভরাইল॥ ৬
এক তুলী-গাড়ু গোবিন্দের হাথে দিল।
প্রভুকে শোয়াইহ ইহায়, তাহাকে কহিল॥ ৭
স্বরূপগোসাঞিকে কহে জগদানন্দ—।

আজ আপনি যাঞা প্রভুকে করাইহ শয়ন॥৮
শয়নের কালে স্বরূপ তাহাঁই রহিলা।
তুলীগাণ্ডু দেখি প্রভু ক্রোধাবিষ্ট হৈলা॥৯
গোবিন্দেরে পুছে—ইহা করাইল কোন জন ?।
জগদানন্দের নাম শুনি সঙ্কোচ হৈল মন॥১০
গোবিন্দেরে কহি সেই তুলী দূর কৈল।
কলার শরলার উপর শয়ন করিল॥১১
স্বরূপ কহে তোমার ইচ্ছা, কি কহিতে পারি।
শয্যা উপেক্টিলে পণ্ডিত হুঃখ পাবে ভারী॥১২

#### গৌর-কুপা-তরঙ্গিণী টীকা।

অত্যস্ত ক্ষীণ হইয়া গেল। ক্ষীণ—রুশ। ক্ষীণ মন—মন যদি অত্যস্ত বিষয় থাকে, মনে যদি প্রযুল্লতা না থাকে, তাহা হইলেই মনকে ক্ষীণ বা রুশ বলা হয়। ভাবাবেশে— প্রীক্তঞ্চ-সম্বনীয় ভাবের আবেশে; প্রীক্তঞ্চের সহিত মিলনের আবেশে। ভাবাবেশে ইত্যাদি—মহাপ্রভুর মন প্রীরাধার ভাবে বিভাবিত; শ্রীকৃষ্ণ মথুরায় চলিয়া গেলে পর ঠাহার বিরহে প্রীরাধার যে সকল অবস্থা হইয়াছিল, প্রভুরও এখন সেই সকল অবস্থা উপস্থিত। মাথুর-বিরহকালে পূর্ব-মিলনের কথা ভাবিতে ভাবিতে শ্রীরাধার সময় সময় এ মিলনই ক্ষুরিত হইত, তথন বিরহের কথা তিনি ভুলিয়া যাইতেন, মিলনের কথা ভাবিয়াই একটু প্রফুল্লতা প্রকাশ করিতেন। প্রভুরও সময় সময় (কভু) এই অবস্থা হইত; যথন এই অবস্থা হইত, তখন মিলনের ভাবের আবেশে প্রভুর দেহ ও মন প্রযুল্ল হইত।

"তভু কভু প্রফুলাতি হয়"-সংলে "তপ্ত কভু প্রফুলাতি গায়" এবং "কভু প্রভু প্রফুলাতি হয়" পাঠান্তরেও দৃষ্ট হয়। তপ্ত—তাপিত। কভু—কখনও; সময় সময়। গায়—দেহ।

- 8। কলার শরলা—আন্ত কলাপাতার মধ্যবর্তী জগা। শুক্ত শরলা একটু নরম হয়; কিন্তু অধিক চাপ পজিলে আর নরম থাকে না। প্রান্থ সায়াস গ্রহণ করিয়াছেন; তাই তুলার গদী বা তোষক ব্যবহার করিবেন না বলিয়া কলার শরলা হারাই তাঁহার জন্ম শ্যা রচনা হইয়াছিল। "শরলা"-খলে "সরলা" বা "সরজা"-পাঠাতরও দৃষ্ট হয়; অর্থ একই। ক্ষাণি অভি—অত্যন্ত রশ। কায়—দেহ, শরীর (প্রভুর)। হাড়—অন্থি; প্রভুর শরীর রুশ হইয়াছিল বলিয়া তাহাতে মাংস অতি অল্লই ছিল; চর্মের নীচেই প্রায় অন্থি ছিল; তাই বহুদিনের ব্যবহৃত শরলায় শয়ন করিলেই শক্ত শরলাতে অন্থি লাগিয়া প্রভুর অক্ষে বাধা অনুভূত হইত। গায়—গায়ে; দেহে।
- ৫। সহিতে নারে—প্রভুর হৃঃখ সহ্য করিতে না পারিয়া। স্থাজিলা উপায়—প্রভুর হৃঃখ নিবারণের উপায় করিল।
  - ৬। **গৈরিক**—গিরিমাটী।

রা**জাইল**—রঞ্জিত করিল ; সন্মাসীরা সাধারণতঃ গৈরিক বসন ব্যবহার করেন বলিয়াই বোধ হয় প্রভুর শিষ্যার নিমিত্ত যে বস্ত্র আনা হইল, তাহাও গৈরিক রঙ্গে রঞ্জিত করা হইল।

শিমুলীর তুলা—শিমুল তূলা। প্রভুর শয্যার নিমিত্ত একটা তোষক করা হইল।

- 9। তুলী-গাণ্ডু—তুলী ও গাণ্ডু। তুলী—তোষক। গাণ্ডু—বালিশ। জগদানন্দ পণ্ডিত, একথানা তোষক ও একটা বালিশ গোবিনের হাতে দিয়া, তাহাতে প্রভূকে শোয়াইবার নিমিত্ত অহুরোধ করিলেন।
- ১০। সঙ্কোচ হৈল মন—পাছে জগদানন্দ রাগ করিয়া আবার অনাহারে পড়িয়া থাকেন, তাই ক্রোধাবেশে প্রতু কোনও রুচ কথা বলিলেন না।

প্রভু কহেন—খাট এক আনহ পাড়িতে।
জগদানন্দের ইচ্ছা আমায় বিষয় ভুঞ্জাইতে॥১৩
সন্ন্যাদি-মান্ত্র্য আমার ভূমিতে শয়ন।
আমাকে খাট তুলী-গাণ্ডু মস্তক-মুণ্ডন ?॥১৪
স্বরূপগোদাঞি আদি পণ্ডিতে কহিল।
শুনি জগদানন্দ মনে মহাত্রুংখ পাইল॥১৫
স্বরূপগোদাঞি তবে স্থাজিল প্রকার।

কদলীর শুন্ধপত্র আনিল অপার॥ ১৬
নথে চিরি চিরি তাহা অতি সূক্ষা কৈল।
প্রভুর বহির্বাস-তুইতে সে-সব ভরিল॥ ১৭
এই মত তুই কৈল ওঢ়ন-পাড়নে।
অঙ্গীকার কৈল প্রভু অনেক যতনে॥ ১৮
তাতে শরন করে প্রভু, দেখি সভে সুখী।
জগদানন্দের ভিতরে ক্রোধ, বাহিরে মহাতুঃখী॥১৯

#### গোর-কুপা-তরঙ্গিণী টীকা।

- ১৩। এই পয়ার প্রভুর ক্রোধমিশ্রিত পরিহাসোক্তি।
- ১৪। মস্তক মুগুন—নাপ। মুড়ান; নিতাপ্ত অক্সায়। যেরূপ অসঙ্গত কাজ করিলে কোনও লোককে তাহার সামাজিক লোকেরা মাথা মুড়াইয়া সমাজের বাহির করিয়া দেয়, সয়্যাসী হইয়া আমার পকে তোষক ও বালিশ বাবহার করাও সেইরূপ অক্সায় কার্য্যই হইবে; ইহাতে আমার সয়্মাস-আশ্রমের মর্য্যাদা নষ্ট হইবে; এইরূপ করিলে আমাকে সয়্যাসি-সমাজ হইতে তাড়িত হইতে হইবে।

**ভূমিতে শয়ন**—মাটতে শোওয়াই আমার আ**শ্র**মোচিত কর্ত্তব্য কাজ।

- ১৫। প্ৰতিতে কহিল—জগদানন প্ৰিতকে প্ৰভুৱ কথাগুলি বলিলেন।
- ১৬। সংজিল প্রকার—যে প্রকার শয়ার ব্যবস্থা করিলে সন্ধাস-আশ্রমের মর্য্যাদাও থাকে, অথচ প্রভুর শরীরেও কই হয় না, সেই প্রকার উপায় নির্দ্ধারণ করিলেন। কদলীর—কলার। **অপার**—অনেক।
  - ১৭। বহিবাস তুইতে—গুইখানা বহিবাদে।
- ১৮। ওড়ন—সভবতঃ ওড়না হইতেই ওড়ন-শন্দ হইয়াছে। ওড়না বলে গায়ের চাদরকে। স্বরূপ-গোস্বামী শয়ন-সময়ে প্রভুর গায়ে দেওয়ার নিমিন্ত কলাপাতা চিরিয়া লেপের মত একটা জিনিস তৈয়ার করিয়াছিলেন বলিয়াই মনে হয়। পাড়ন—পাতিবার জিনিস; তোষক। অঙ্গীকার কৈল—ওড়ন-পাড়ন অঙ্গীকার করিলেন। তুলার তোষক ও বালিশ সাধারণতঃ বিষয়ী ব্যক্তিরাই ব্যবহার করে বলিয়া, তাহাতে একটু বিলাসিতার ভাব আছে—বিশেষতঃ তাহা যখন গৈরিক রঙ্গে নৃতন স্ক্রেবস্তে প্রস্তুত ছিল। সম্ভবতঃ এজ্ছাই প্রভু তাহা অঙ্গীকার করেন নাই। স্বরূপ-গোস্বামী যাহা তৈয়ার করিলেন, তাহা প্রাতন বহির্বাস এবং শুভ কলাপাতার তৈয়ারী বলিয়া বিষয়ীর ব্যবহার্য নহে, একমাত্র নিজ্ঞিনদেরই ব্যবহার্য; তাই বোধহয় অনেক অমনয়-বিনয়ের পরে প্রভু তাহা অঙ্গীকার করিলেন। সামান্ত কলাপাতার তৈয়ারী হইলেও ইহা দেহের স্ব্য-সাধন বলিয়া প্রভু ইহাও গ্রহণ করিতে চাহেন নাই; তজ্জ্য স্বরূপ-দামোদরকে অনেক অমনয়-বিনয় করিতে হইয়াছিল। তাঁহার অমুরোধে এবং সন্তবতঃ জগাদানন্দের প্রেন্থের ভয়েই প্রভু শেষকালে ইহা অঙ্গীকার করিয়াছিলেন।
- ১৯। ভিতরে ক্রোধ—মনে মনে অত্যন্ত ক্রেদ্ধ হইয়াছেন,—প্রাকৃ তাঁহার তোষক ও বালিশ অঙ্গীকার করেন নাই বলিয়া এবং প্রাকৃ নিতান্ত দীনহীনের স্থায় কলাপাতার শ্যায় শ্যুন করিতেছেন বলিয়া। ইহা জগদানন্দের প্রণয়-রোধ যাত্র।

বাহিরে মহাপ্তঃখী—জগদানল মনের ক্রোধ বাহিরে প্রকাশ করেন নাই, তাহাতে প্রভুর মনেও কষ্ট হইবে বলিয়া। কিন্তু প্রভুর দেহের কষ্ট দেখিয়া তাঁহার যে ছু:খ হইয়াছিল, তাহা তিনি কিছুতেই গোপন করিতে পারেন নাই; তাহা বাহিরে প্রকাশ হইয়া পড়িয়াছিল।

পূর্বের জগদানন্দের ইক্সা—রুন্দাবন যাইতে।
প্রভু আজ্ঞা না দেন, তাতে না পারে চলিতে॥২০
ভিতরের ক্রোধ তুঃখ প্রকাশ না কৈল।
মথুরা যাইতে প্রভুন্থানে আজ্ঞা মাগিল॥ ২১
প্রভু কহে—মথুরা যাবে আমায় ক্রোধ করি ?
আমায় দোষ লাগাইয়া তুমি হইবে ভিখারী ? ২২
জগদানন্দ কহে প্রভুর ধরিয়া চরণ—।
পূর্বে হৈতে ইচ্ছা মোর যাইতে রুন্দাবন॥ ২০
প্রভুর আজ্ঞা নাহি তাতে না পারি যাইতে।
এবে আজ্ঞা দেহ, অবশ্য ষাইব নিশ্চিতে॥ ২৪
প্রভু প্রীতে তাঁর গমন না করে অঙ্গীকার।
তেঁহো প্রভুর ঠাঞি আজ্ঞা মাগে বারবার॥ ২৫
স্বরূপগোসাঞির ঠাঞি পণ্ডিত কৈল নিবেদন।

পূর্বি হৈতে বৃন্দাবন যাইতে মোর মন॥ ২৬
প্রভু-আজ্ঞা বিনে তাহাঁ যাইতে না পারি।
এবে আজ্ঞানাদেন মোরে 'ক্রোধে যায়' বলি॥২৭
সহজেই মোর তাহাঁ যাইতে মন হয়।
প্রভু-আজ্ঞা লঞা দেহ করিয়া বিনয়॥ ২৮
তবে স্বরূপ গোসাঞি কহে প্রভুর চরণে।
জগদানন্দের ইক্ছা বড় যাইতে বৃন্দাবনে॥ ২৯
তোমার ঠাঞি আজ্ঞা এঁহো মাগে বারবার।
আজ্ঞা দেহ মথুরা দেখি আইসে একবার॥ ৩০
আই দেখিতে যৈছে গোড়দেশে যায়।
তৈছে একবার বৃন্দাবন দেখি আয়॥ ৩১
স্বরূপগোসাঞ্জির বোলে প্রভু আজ্ঞা দিল।
জগদানন্দে বোলাইয়া তাঁরে শিক্ষাইল—॥ ৩২

#### গৌর-কুপা-তরঙ্গিলী চীকা।

- ২০। পূর্ব্বে—প্রভুর শয্যা সম্বন্ধে গোলযোগের পূর্বে।
  প্রভু আজ্ঞা না দেন—বুন্দাবন যাওয়ার নিমিত্ত জগদানন্দকে প্রভু আদেশ দেন নাই বলিয়া।
  না পারে চলিতে—জগদানন্দ বুন্দাবন যাইতে পারেন নাই।
- ২১। নীলাচলে থাকিয়া চক্ষুর সাক্ষাতে প্রভুর এত কষ্ট দেখিতে পারেন না বলিয়া জাগদানন নীলাচল ছাড়িয়া বৃন্দাবনে যাওয়ার নিমিত্ত প্রভুর আদেশ প্রার্থনা করিলেন। কিন্তু প্রভুর হুংখ সহ্ত করিতে পারিতেছেন না বলিয়াই যে তিনি প্রভুর নিকট হইতে চলিয়া যাইতে ইচ্ছা করিতেছেন, ইহা প্রভুকে জানাইলেন না। সহজ্ঞ ভাব দেখাইয়া পূর্কের ফায় আদেশ প্রার্থনা করিলেন।
- ২২। আমার ক্রোধ করি—জগদানন নিজের হুংখ গোপন করিয়া সহজ ভাব দেখাইলেও প্রভু ঠাছার ভিতরের ক্রোধ টের পাইয়াছেন; তাই প্রভু বলিলেন—"জগদানন। আমার উপর রাগ করিয়া তুমি বৃন্দাবন যাইতেছ ? আমার উপর দোষ দিয়া তুমি ভিথারী হইতে চলিলে ?"

আমায় দোষ লাগাইয়া—আমি (প্রভূ) তোষক-বালিশ অঙ্গীকার করি নাই বলিয়া আমার উপর রাগ করিয়াছ, তাই তুমি ভিক্ষকের বেশে বুলাবন যাইতেছ; স্কুতরাং তোমার নীলাচল-ত্যাগের কারণ আমিই।

- ২৫। প্রীতে—জগদানদের প্রতি প্রতিবশতঃ। প্রভু ব্রিতে পারিয়াছেন, প্রভুর হুঃখ সহ্ করিতে না পারিয়াই পণ্ডিত নীলাচল ছাড়িয়া যাইতেছেন, যেন প্রভুর হুঃখ-কষ্ট স্বচক্ষে না দেখিতে হয়। কিন্তু প্রভু ইহাও ব্রিলেন যে, চলিয়া গেলেও প্রভুর অদর্শনে এবং তাঁহার অনুপস্থিতিতে প্রভুর হুঃখ-কষ্ট আরও বেশী হইয়াছে ভাবিয়া পণ্ডিতের আরও বেশী হুঃখ হইবে। এ সমস্ত ভাবিয়া প্রভু তাঁহাকে বৃদ্ধাবন যাওয়ার আদেশ দিলেন না।
- ২৬-২৮। প্রভুর উপর রাগ করিয়া যে জগদানন শ্রীর্ন্দাবনে যাইতেছেন না, তাঁহার সহজ ইচ্ছার বশেই যে তিনি যাইতে চাহিতেছেন, ইহা প্রভুকে বুঝাইয়া বলিবার নিমিত্ত এই তিন প্রারে জগদানন স্বরূপ-দামোদরকে অমুরোধ করিতেছেন।
  - ৩১। **আই দেখিতে**—শ্চীমাতাকে দেখিতে।
  - ৩২। **শিক্ষাইল**—বুন্দাবন যাওয়ার বিষয়ে উপদেশ দিলেন।

বারাণদী পর্যন্ত সম্ভব্দে যাবে পথে।
আগে সাব্ধান যাবে ক্ষত্রিয়াদি-সাথে॥৩০
কেবল গোড়িয়া পাইলে 'বাটপাড়' করি বান্ধে।
সব লুটি বান্ধি রাখে, যাইবারে না দে॥৩৪
মথুরা গেলে সনাতন-সঙ্গেই রহিবা।
মথুরার স্বামি-সভার চরণ বন্দিবা॥৩৫

দূরে রহি ভক্তি করিহ, সঙ্গে না রহিবা।
তাঁসভার আচার-চেফী লৈতে না পারিবা॥ ৩৬
সনাতন সঙ্গে করিহ বন-দরশন।
সনাতনের সঙ্গ না ছাড়িবে একক্ষণ॥ ৩৭
শীঘ্র আসিহ, তাহাঁ না রহিয় চিরকাল।
গোবর্দ্ধনে না চঢ়িহ দেখিতে গোপাল॥ ৩৮

#### গৌর-কুণা-তর ক্লিণী টীকা।

- ৩৩। বারাণিনী পর্য্যন্ত—কাশীপর্যন্ত। স্বচ্ছকে—নিজ্জেগে; কোনও আশস্কা না করিয়া। আবৈন— বারাণদী পার হইয়া যাওয়ার পরে। ক্ষ**ত্রিয়াদি সাথে**—বারাণদীর পরের পথে একাকী চলিবেনা; স্থানীয় ক্ষত্রিয়াদির সঙ্গ লইয়া তাঁহাদের সঙ্গে চলিবে। ক্ষত্রিয়—যুদ্ধনিপুণ জ্বাতি-বিশেষ।
- ৩৪। ক্ষতিয়াদির সঙ্গে যাইবার নিমিত্ত কেন বলিলেন, তাহার হেতু বলিতেছেন। পশ্চিমের পথে অনেক চোর ডাকাত আছে; নিরীহ বাঙ্গালীকে একাকী যাইতে দেখিলে তাহারা তাহার উপর অত্যাচার করিয়া টাকা-প্রদা-জিনিসপত্র লুটিয়া লইয়া যায়, তাহাকে বাঁধিয়া রাথে, যাইতে দেয় না। সঙ্গে স্থানীয় কোনও ক্ষত্রিয় থাকিলে ভয়ে আর আক্রমণ করিতে সাহস পায় না।

কেবল গোড়িয়া—কেবল বালালী; স্থানীয় ক্ষত্রিয়াদির সঙ্গশৃষ্ঠ বালালী।

বাটপাড়ি—যাহারা পথেঘাটে পথিকের উপর অত্যাচার করিয়া দম্মতা করে, তাহাদিগকে বাটপাড় বলে; বাটপাড়ের আচরণকে বাটপাড়ি বলে; দম্মতা। বাট—পথ। না দে—দেয়ন।

- **৩৫। মথুরার স্বামি-সভার**—মথুরায় যে সমস্ত ভক্ত স্থায়িভাবে বাস করেন, তাঁহাদের ; ব্রজ্বাসীদের। "মথুর।" শক্ষে এম্বলে ব্রজ্মগুলকে বুঝাইতেছে।
- ৩৬। প্রভুজগদানন্দকে বলিলেন, "ব্রজবাসীদিগকে দূর হইতেই ভক্তি করিবে; তাঁহাদের সঙ্গে একত্রে বাস করিবেনা; কারণ, তাঁহাদের আচার-ব্যবহারের মর্ম্ম গ্রহণ করিতে পারিবেনা, তাতে তাঁহাদের আচারে দোষ-দৃষ্টি ভামিলে অপরাধী হইতে হইবে।"

শীক্ষাবের প্রতি ব্রজ্বাসীদিগের সহজ-প্রীতি; তাঁহাদের প্রতিও শীক্ষাবের সহজ-প্রীতি। "ব্রজ্বাসী-লোকের ক্ষে সহজ পীরিতি। গোপালের সহজ-প্রীতি ব্রজ্বাসীপ্রতি॥ ২।৪।৯৪॥" শ্রীক্ষা-সম্বন্ধে তাঁহাদের আচরণ সহজ-প্রীতিমূলক আচরণ মাত্র; তাই সাধারণ সাধক-ভক্তের আচরণের সঙ্গে সকল সময়ে তাঁহাদের আচরণের মিল হয়না। স্থতরাং তাঁহাদের সঙ্গে একত্রে বাস করিলে তাঁহাদের সহজ্প-প্রীতিমূলক আচরণের প্রতি বিশেষ লক্ষ্য পড়িবার সজ্ঞাবনা, এবং ঐ প্রীতিমূলক আচরণকে অশাস্ত্রীয় ও অসঙ্গত মনে করিয়া তাঁহাদের চরণে অপরাধী হওয়ার সম্ভাবনা।

তাঁ-সভার—তাঁহাদের; মথুরার স্বামি-সভার; ব্রজবাসিগণের। আচার-চেঠা লৈতে নারিবা—আচরণের মর্ম গ্রহণ করিতে পারিবেনা।

৩৭। বন দরশন—ত্রজমণ্ডলস্থ দাদশবনের দর্শন।

৩৮। তাহাঁ—এজে। **চিরকাল**—বেশীদিন। গোবর্দ্ধনে ইত্যাদি—গোবর্দ্ধন পর্কতের উপরে থে শীগোপাল-বিগ্রহ আছেন, তাঁহার দর্শনের নিমিত গোবর্দ্ধনে উঠিওনা। কারণ, গোবর্দ্ধন পর্কত শ্রীক্তফের কলেবর-সদৃশ; তাহাতে পদ-সংযোগ করিলে অপরাধ হইবে। 'আমিহ আসিতেছি' কহিয় সনাতনে।
'আমার তরে এক স্থান যেন করে বৃন্দাবনে'॥ ৩৯
এত বলি জগদানন্দ কৈল আলিঙ্গন।
জগদানন্দ চলিলা প্রভুর বন্দিয়া চরণ॥ ৪০
সবভক্তগণ ঠাঞি আজ্ঞা মাগিলা।
বনপথে চলি-চলি বারাণসী আইলা॥ ৪১
তপানমিশ্র চন্দ্রশেখর দোঁহারে মিলিলা।
তাঁর ঠাঞি প্রভুর কথা সকলি শুনিলা॥ ৪২
মথুরা আসিয়া শীঘ্র মিলিলা সনাতনে।
তুইজনের সঙ্গে দোঁহে আনন্দিত মনে॥ ৪০

সনাতন করাইল তাঁরে দ্বাদশ বন।
গোকুলে রহিলা দোঁহে দেখি মহাবন॥ ৪৪
সনাতনগোফাতে দোঁহে রহে একঠাঞি।
পণ্ডিত পাক করেন দেবালয়ে যাই॥ ৪৫
সনাতন ভিক্ষা করে যাই মহাবনে।
কভু দেবালয়ে কভু ব্রাহ্মণসদনে॥ ৪৬
সনাতন পণ্ডিতের করেন সমাধান।
মহাবনে দেন আনি মাগি অন্ন-পান॥ ৪৭
একদিন সনাতনে পণ্ডিত নিমন্তিল।
নিত্যকৃত্য করি তেঁহো পাক চঢ়াইল॥ ৪৮

#### গৌর-কুপা-তরঙ্গিণী টীকা।

- ্ত্র। আমিহ আসিতেছি ইত্যাদি—প্রভু জগদানন্দকে বলিলেন—"সনাতনকে বলিও, আমিও শ্রীবৃদ্ধাবনে যাইতেছি; বৃন্ধাবনে আমার থাকিবার নিমিত্ত যেন একটা স্থান ঠিক করিয়া রাখে।"
- অগদানদকে এই কথা বলার পূর্কেই প্রভু একবার বৃন্দাবনে গিয়াছিলেন; প্রকট-লীলায় তিনি আর বিতীয়বার বৃন্দাবন যায়েন নাই। জগদানন্দের নিকটে বৃন্দাবনে যাওয়ার কথা বলার উদ্দেশ্য বোধ হয় এই যে, প্রভু একবার "আবির্ভাবেই" শ্রীবৃন্দাবনে সনাতনকে দর্শন দিবেন; অথবা, শ্রীসনাতন যেন শ্রীবৃন্দাবনে প্রভুর শ্রীষ্ঠি প্রতিষ্ঠা করেন, ইহাই বোধ হয় প্রভুর অভিপ্রায়; বিগ্রহ-রূপে তিনি যাইবেন। শ্রীবৃন্দাবনে দ্বাদশাদিত্য টিলার নিকটে শ্রীসনাতনের স্থাপিত প্রভুর শ্রীবিগ্রহ এথনও সেবিত হইতেছেন।
- 8২। তাঁর ঠাঞি—কাশীতে তপন মিশ্র ও চন্দ্রশেখরের নিকটে। প্রভুর কথা—বারাণসীতে প্রভু যে সকল লীলা করিয়াছেন, তাহার কথা। অথবা, তপনমিশ্র ও চন্দ্রশেখর উভয়েই জগদানদের নিকট প্রভুর নীলাচল্লীলার কাহিনী শুনিলেন।
- 89। তুইজনের সঙ্গে ইত্যাদি—সনাতনের সঙ্গ পাইয়া জগদাননের আনন্দ, আর জগদাননের সঙ্গ পাইয়া সনাতনের আনন্দ।
- 88। করাইল—দর্শন করাইল। **হাদশবন**—মধুবন, তালবন, কুমুদবন, কাম্যবন, বহুলাবন, ভদ্রবন, থদিরবন, মহাবন, লোহবন, বেলবন, ভাগ্ডীরবন ও বৃন্দাবন। গোকুল— শ্রীক্ষের জন্ম-লীলা স্থান। মহাবন— দ্বাদশবনের এক বন।
- 8৫। সনাতন-গোফাতে—সনাতন যে গোফায় থাকিতেন, সেই গোফায়। গোফা—মাটীর নীচের কুদ্র কুঠরী; অথবা, নিভ্ত কুদ্র কুঠরী। পণ্ডিত—জগদাননা। দেবালয়ে—দেব-মন্দিরে। সনাতন মাধুকরী করিতেন, তাঁহার পাকের দরকার হইত না; স্থতরাং তাঁহার গোফায় পাকের বন্দোবস্তভ ছিল না। তাই জগদাননা দেবালয়ে যাইয়া নিজের জন্ম পাক করিতেন।
- 89। সনাতন-গোস্বামী মহাবনে যাইয়া ভিক্ষা করিতেন; কথনও দেবালয়ে, কথনও বা বান্ধাণের গৃহেই তিনি মাধুকরী করিতেন।
- 89। করে সমাধান—পণ্ডিতের প্রশ্নেজনীয় দ্রব্যাদি যোগাড় করিয়া দেন। মহাবনে দেন ইত্যাদি—
  জগদানন্দের নিমিত অন্নাদি সনাতন মহাবন হইতে ভিক্ষা করিয়া আনিয়া দিতেন। তার-পান— অন্ন ও পানীয়;
  আহারের দ্রব্যাদি।
  - ৪৮। निमक्किन-আহারের নিমিত্ত নিমন্ত্রণ করিল। তেঁহো-জগদানল।

মুকুন্দসরস্বতী নাম সন্ন্যাসী মহাজনে।
এক বহির্বাস তেঁহাে দিলা সনাতনে॥ ৪৯
সনাতন সেই বস্ত্র মস্তকে বান্ধিয়া।
জগদানন্দের বাসাদ্বারে বসিলা আসিয়া॥ ৫০
রাতুল বস্ত্র দেখি পণ্ডিত প্রেমাবিষ্ট হৈলা।
'মহাপ্রভুর প্রসাদ' জানি তাঁহারে পুছিলা॥ ৫১
কাহাঁ পাইলে এই তুমি রাতুল বসন ?
'মুকুন্দসরস্বতী দিল'—কহে সনাতন॥ ৫২
শুনি পণ্ডিতের মনে তুঃখ উপজিল।
ভাতের হাণ্ডী লঞা তাঁরে মারিতে আইল॥ ৫০
সনাতন তাঁরে জানি লজ্জিত হইয়া।
বলিতে লাগিল (পণ্ডিত) হাণ্ডী চুলাতে ধরিয়া॥৫৪

'তুমি মহাপ্রভুর হও পার্বদ-প্রধান।'
তোমাসম মহাপ্রভুর প্রিয় নাহি আন॥ ৫৫
অন্য সম্যাসীর বস্তু তুমি ধর শিরে ?।
কোন ঐছে হয় ইহা পারে সহিবারে ?॥ ৫৬
সনাতন কহে—সাধু! পণ্ডিত মহাশ্র।
তৈতন্মের তোমাসম প্রিয় কেহো নয়॥ ৫৭
ঐছে তৈতন্য-নিষ্ঠা যোগ্য তোমাতে।
তুমি না দেখাইলে, ইহা শিখিব কেমতে॥ ৫৮
যাহা দেখিবারে বস্ত্র মস্তকে বান্ধিল।
সেই অপূর্বব প্রেম প্রত্যক্ষে দেখিল॥ ৫৯
রক্তবন্ত্র বৈষ্ণবের পরিতে না জুয়ায়।
কোন পরদেশীকে দিব, কি কাজ ইহায়॥ ৬৩

#### গৌর-কুপা-তরঙ্গিণী টীকা।

- ৫০। বসিলা আসিয়া—জগদানল যে সময়ে পাক করিতেছিলেন সেই সময়ে, নিমন্ত্রিত সনাতন আসিয়া পণ্ডিতের পাক-ঘরের ছারে বসিলেন; সনাতনের মাথায় তথন মুকুল-সরস্বতীর প্রদত্ত রাতুল-বস্ত্র ছিল।
- ৫১। রাতুল বস্ত্র—রক্তবর্ণ বস্ত্র। প্রেমাবিষ্ঠ হৈল—সনাতনের মাধায় রাতুল-বস্তুকে জগদানন মহাপ্রভুর প্রসাদী-বস্ত্র বলিয়া মনে করিতেছিলেন; তাই ঐ বস্ত্র-দর্শনে প্রভুর স্মৃতি উদ্দীপিত হওয়ায় জগদানন্দের প্রেমাবেশ হইয়াছিল।
- ৫৩। তুঃখ উপজিল—অপর সন্যাসীর বস্ত্র সনাতন আগ্রহের সহিত মস্তকে ধারণ করিয়াছেন জানিয়া পণ্ডিতের মনে তুঃখ হইল। ভাতের হাণ্ডী ইত্যাদি—প্রণয়-রোষে জগদানন্দ সনাতনকে মারিতে উঠিলেন। হাণ্ডী—হাঁড়ি; ভাত পাক করার পাত্র। তাঁরে মারিতে—সনাতনকে হাণ্ডী দ্বারা আঘাত করিতে।
- ৫৪। সনাতন তাঁরে ইত্যাদি—জগদানদের মনের ভাব বুঝিতে পারিয়া সনাতন লজিত হইলেন।
  মহাপ্রভুর প্রতি জগদানদের প্রতি পরীক্ষা করিবার উদ্দেশ্যেই সনাতন মুকুন-সরস্বতীর বস্ত্র নিজ্ম মন্তকে বাঁধিয়াছিলেন। এক্ষণে প্রভুর প্রতি তাঁহার প্রগাঢ় প্রীতির পরিচয় পাইয়া, তাঁহাকে পরীক্ষা করিতে যাওয়ার হুর্দ্দিতার
  কথা ভাবিয়া সনাতন লজিত হইলেন।

বলিতে লাগিলা ইত্যাদি—সনাতনকে লজ্জিত হইতে দেখিয়া জগদানন্দ আর তাঁহাকে হাণ্ডী দারা আঘাত করিলেন না; হাণ্ডীটা চুলার উপরে রখিয়া নিম্নলিখিত প্রকারে বলিতে লাগিলেন।

- ৫৬। **অন্য সন্ধ্যাসীর বস্ত্র** ইত্যাদি—সনাতন অন্থ সন্মাসীর বস্ত্র মাথায় বাঁধাতে প্রভুর প্রতি **তাঁ**হার প্রীতির এবং প্রভুর উপর তাঁহার নিষ্ঠার শৈথিল্য প্রকাশ পায় বেলিয়া জগদানন্দের ক্রোধ হইয়াছিল।
- ৬০। রক্তবন্ত্র—রাতুল বসন; গৈরিক বসন। সনাতন-গোস্বামী যে বন্ধ-খানা মাথায় বাঁধিয়াছিলেন, তাহা
  মুকুন্দ-সরস্বতী-নামক সন্ধাসীর পরিছিত বস্ত্র; এই বস্ত্রকেই জগদানদ মহাপ্রভুর পরিছিত বস্ত্র বলিয়া মনে করিয়াছিলেন। ইহাতে বুঝা যায়, মহাপ্রভুও ঐ বর্ণের বস্ত্রই ব্যবহার করিতেন। কিন্তু কবিকর্ণপূরের শ্রীচৈতক্সচরিতামূতমহাকাব্য হইতে জানা যায়, মহাপ্রভু গৈরিক-বসনই-পরিধান করিতেন:—"ততোহভোহা: শ্রীমান্ধ্তকরদণ্ড: সদর্কণং
  বহন্ বাসোদ্ধং বহলতড়িদ্চিঃ প্রতিকৃতি:। অকন্মাদেকন্মিন্ পথি গুরুশিথো গৈরিকময়ো ব্যদ্শি স্বর্ণাদ্র-প্রবর
  ইব তৈ গৌরশশভূৎ; ১৯৬৫॥" শ্রীগ্রন্থের এই ১০শ পরিচ্ছেদেও দেখা গিয়াছে, জগদানন্দ-পণ্ডিত প্রভুর নিমিত্ত

পাক করি জগদানন চৈতত্তে সমর্পিল। তুইজন বৃদি তবে প্রদাদ পাইল। ৬১ প্রদাদ পাই অন্সোন্যে কৈল আলিঙ্গন। হৈত্তাবিরহে দোঁহে করেন ক্রন্দন।। ৬২ এই মত মাস ছুই রহিলা বৃন্দাবনে। চৈত্তভাবিরহত্বঃখ না যায় সহনে॥ ৬৩ মহাপ্রভুর সন্দেশ কহিল সনাতনে—। 'আমিহ আসিতেছি, রহিতে করিহ এক স্থানে'॥১৪ জগদানন্দ পণ্ডিত তবে আজ্ঞা মাগিলা। সনাতন প্রভূকে কিছু ভেটবস্ত দিলা॥ ৬৫ রাসস্থলীর বালু, আর গোবর্দ্ধনের শিলা। শুক্ষ পরু পীলুফল, আর গুঞ্জামালা॥ ৬৬ জগদানন্দ পণ্ডিত চলিলা সব লঞা। ব্যাকুল হৈল সনাতন তারে বিদায় দিয়া॥ ৬৭

১৩শ পরিচ্ছেদ ]

প্রভুর নিমিত্ত এক স্থান বিচারিল। দাদশাদিত্যটিলায় এক মঠি পাইল॥ ৬৮ সেই স্থান রাখিল গোসাঞি সংস্থার করিয়া। মঠির আগে রহিল এক ছাওনি বান্ধিয়া। ৬৯ শীঘ চলি নীলাচলে গেলা জগদানন। সবভক্তসহ গোসাঞি পরম আনন্দ।। ৭০ প্রভুর চরণ বন্দি সভারে মিলিলা। মহাপ্রভু তারে দৃঢ় আলিঙ্গন কৈলা॥ ৭১ সনাতনের নামে পণ্ডিত দণ্ডবৎ কৈল। রাদস্থলীর বালু-আদি দব ভেট দিল॥ ৭২ সব দ্রব্য রাখিল, পীলু দিলেন বাঁটিয়া। 'বৃন্দাবনের ফল' বলি খাইল হৃষ্ট হৈয়া॥ ৭৩ যে কেহো জানে সে আঁটি সহিত গিলিল। যে না জানে—গোড়িয়া পীলু চাবাইয়া খাইল ॥৭৪

#### গৌর কুপা-তরঙ্গিণী চীকা।

তোষক ও বালিশ তৈয়ার করিবার উদ্দেশ্যে যে কাপড় আনিয়াছিলেন,তাহা তিনি গৈরিক দিয়ারঞ্জিত করিয়াছিলেন। ইহাতেও বুঝা যায়, প্রান্থ বৈরিক বর্ণের বন্ধই ব্যবহার করিতেন। যাঁহারা চতুর্থাশ্রনাচিত সন্মাস গ্রহণ করেন, গৈরিক বসনই তাঁহাদের ব্যবহার্য।

এই প্রার হইতে তাহা হইলে বুঝা গেল, গৈরিকবর্ণের বন্ধ ব্যবহার কর। বৈঞ্বের পক্ষে সঙ্গত নহে। বাঁহার। প্রভার ছার সন্নাস-গ্রহণ করিবেন, তাঁহারা অবশ্য আশ্রমোচিত গৈরিকবন্ত্র পরিধান করিতে পারেন; কিন্তু যে সমস্ত বৈঞ্ব আশ্রমাতীত নিঞ্জিনের বেশ ধারণ করিবেন, তাঁহাদের পক্ষে গৈরিক-বদনাদির ব্যবহার নিষিদ্ধ; ইহাই এই প্রারের মর্ম বলিয়া মনে হয়। নিজিঞ্নের বেশ আশ্রের অতীত অবস্থা। "এই সব ত্যা 🖙 আর বর্ণাশ্রম ধর্ম। অকিঞ্চন হঞা লয় কুষ্ণের শ্রণ॥ ২।২২।৫০॥" পরদেশী—ভিন্নদেশীয় লোক।

- **৬২। অলোক্সে**—একে অন্তকে।
- রহিলা-জগদানন অবস্থান করিলেন।
- সন্দেশ—সংবাদ। "আমিহ আসিতেছি" ইত্যাদি সংবাদ। পূর্ববন্তী ৩৯ পয়ার দ্রষ্টব্য।
- প্রভুবে—প্রভুব নিমিত্ত। ভেটবস্ত—উপহার I
- স্নাত্ন প্রভুর নিমিত্ত কি কি বস্তু উপহার পাঠাইলেন, এই প্রারে তাহা বলা হইয়াছে।
- **দ্বাদশাদিত্য টিলার**—শ্রীবৃন্দাবনে এক্ষণে যেস্থানে শ্রীমদনমোহনের প্রাতন শ্রীমন্দির আছে। ড৮। মঠি—মঠ।
- সংস্কার করিয়া—পরিষ্কার করিয়া। মঠের আগে ইত্যাদি—সন্তিন গোসামী মঠের সন্মুথভাগে লতাপাতা দিয়া একথানা ছাওনি ( চালা ) বাঁধিয়া তাহাতে বাস করিতে লাগিলেন—প্রভুর আসার অপেকায়। কোনও কোনও গ্রন্থে "মঠের আগে রাখিল এক চালি বাঁধিয়া" পাঠ আছে।
  - পিলুফলের আঁটিতে কাঁটা আছে; তাই চিবাইয়া থাইতে গেলে কাঁটার আঘাতে মূথের ছাল উঠিয়া

মুখে তার ছাল গেল, জিহ্বায় পড়ে লালা।
বুন্দাবনের পীলু খাইতে এই এক খেলা॥ ৭৫
জগদানন্দের আগমনে সভার উল্লাদ।
এই মতে নীলাচলে প্রভুর বিলাদ॥ ৭৬
একদিন প্রভু যমেশ্রটোটা যাইতে।
সেইকালে দেবদাদী লাগিলা গাইতে॥ ৭৭
গুর্জ্জরীরাগ লঞা স্থমপুর স্বরে।
গীতগোবিন্দ-পদ গায় জগ-মন হরে॥ ৭৮
দূরে গান শুনি প্রভুর হইল আবেশ।
'গ্রী পুরুষ কেবা গায়'——না জানে বিশেষ॥ ৭৯
তারে মিলিবারে প্রভু আবেশে ধাইলা।
পথে সিজের বারি হয়, ফুটিয়া চলিলা॥ ৮০
অঙ্গে কাঁটা লাগিল ইহা কিছু না জানিলা।

আস্তেব্যস্তে গোবিন্দ তাঁর পাছেত ধাইলা ॥ ৮১
ধাইয়া যায়েন প্রভু—ন্ত্রী আছে অল্ল দূরে ।
'ন্ত্রী গায়' বলি গোবিন্দ প্রভু কৈল কোলে ॥ ৮২
ন্ত্রীর নাম শুনি প্রভুর বাহ্য হইলা ।
পুনরপি দেই পথে বাহুড়ি চলিলা ॥ ৮৩
প্রভু কহে—গোবিন্দ ! আজি রাখিলে জীবন ।
স্ত্রীম্পর্শ হইলে আমার হইত মরণ ॥ ৮৪
এ খাণ শোধিতে আমি নারিব তোমার ।
গোবিন্দ কহে—জগন্নাথ রাখে, মুই কোন্ ছার॥৮৫
প্রভু কহে—ভুমি মোর সঙ্গেই রহিবা ।
যাহাঁ-তাহাঁ মোর রক্ষায় দাবধান হৈবা ॥ ৮৬
এত বলি নেউটি প্রভু গেলা নিজস্থানে ।
শুনি মহাভয় হৈল স্বরূপাদি-মনে ॥ ৮৭

## গৌর-ফুপা-তরঞ্চিণী টীকা।

যায়। যাঁহারা ইছা জানেন, তাঁহারা না চিবাইয়া আন্ত পিলু গিলিয়া থাইলেন। কিন্তু বাঙ্গালীরা সাধারণতঃ ইহা জানেন না; তাঁহারা চিবাইয়া থাইতে লাগিলেন, ফলে তাঁহাদের মুথে ক্ষত হইয়া গেল। গৌড়িয়া—বাঙ্গালী।

१८। लाना-तान।

99। যথেষর টোটা—নীলাচলে যমেশ্বর নামক বাগান। এখানে গদাংর-পণ্ডিত-গোস্বামী থাকিতেন। দেবদাসী—শ্রী অগলাথের চরণে উৎস্গীকৃতা অবিবাহিতা শ্রীলোক; ইহাঁরা জগলাথের সাক্ষাতে নৃত্যকীর্তন করেন। লাগিলা গাইতে—নিকটবর্তী কোনও স্থানে।

৭৮। গুর্জ্জারাণ—গান গাছিবার এক রকম রাগিণী। গীজগোবিল্য-পদ— জয়দেব গোস্বামীর রচিত গীতগোবিন্য-নামক গ্রন্থের পদ। জাগ-মন-হারে—কীর্ত্তনের মধুর স্বরে জগদাসীর মন হরণ করে।

৭৯। হইল আবেশ—গানের পদ গুনিয়া প্রভূ প্রেমে আবিষ্ট ছইলেন। না জানে বিশেষ—এ স্নমধ্র গীতটি কি দ্রীলোক গান করিতেছে, না কোনও পুরুষ গান করিতেছে, প্রভূ তাছার কিছুই জানেন না। গাঢ় আবেশ বশতঃ সে বিষয়ে প্রভূর অমুসন্ধানও ছিল না।

৮০। তারে—যে গান করিতেছে, তাহাকে। নিজের বারি—গিজ গাছের (মনসা নামক কণ্টকময় গাছের) বেড়া।

৮১। **আত্তে ব্যত্তে**—সম্ভ্ৰন্ত হইয়া, তাড়াতাড়ি।

৮২। প্রেমাবেশবশত: সংজ্ঞাহীন অবস্থায় প্রভু ক্রতগতিতে গায়কের দিকে ধাবিত হইলেন; গায়িকা-দেবদাসীর প্রায় নিকটবর্তী হইয়াছেন, এমন সময় গোবিনা যাইয়া বলিলেন "প্রভু, স্ত্রীলোক এই গান করিতেছে।" ইহা বলিয়াই গোবিনা প্রভুকে জড়াইয়া নিজ ক্রোড়ে ধারণ করিলেন, যেন গুভু স্ত্রীলোক স্পর্শ করিতে না পারেন।

৮৩। স্ত্রীর নাম—স্ত্রীলোকে গান করে, ইছা। বাছ হইলা—বাছ্যুতি জনিল। বাছড়ি—ফিরিয়া।

৮৪। আমার হইত মরণ-স্ল্যাস-আশ্রমের মর্যাদা লজ্বন হইত বলিয়া মৃত্যুত্ল্য অবস্থা হইত।

৮৭। নেউটি—ফিরিয়া। মহাভয়—বাহুত্বতি হারাইয়া কোন দিন আবার প্রভু সিজের কাঁটায় পড়েন, না আর কোনও বিপদে পড়েন, ইত্যাদি ভাবিয়া ভয়। এথা তপনমিশ্রের পুত্র রঘুনাথ ভট্টাচার্য্য।
প্রভুকে দেখিতে চলিলা ছাড়ি সর্বকার্য্য॥ ৮৮
কাশী হৈতে চলিলা তেঁহো গৌড়পথ দিয়া।
সঙ্গে সেবক চলে ঝালি বহিয়া॥ ৮৯
পথে তাঁরে মিলিলা বিশ্বাস রামদাস।
বিশ্বাসখানার কায়স্থ তেঁহো রাজার বিশ্বাস॥ ৯০
সর্ববশাস্ত্রে প্রবীণ কাব্যপ্রকাশ অধ্যাপক।
পরম বৈহন্তব রঘুনাথ-উপাসক॥ ৯১
অফ্টপ্রহর রামচন্দ্র জপে রাত্রিদিনে।
সর্বব ত্যাগি চলিলা জগরাথ-দরশনে॥ ৯২
রঘুনাথভট্টের সনে পথেতে মিলিলা।
ভট্টের ঝালি মাথায় ক্রি বহিয়া চলিলা॥ ৯০
নানা সেবা করি করে পাদসংবাহন।
তাতে রঘুনাথের হয় সঙ্গোচিত মন—॥ ৯৪
'তুমি বড়লোক পণ্ডিত মহাভাগবতে'।

সেবা না করিহ, স্থাব চল মোর সাথে। ৯৫
রামদাস কহে—আমি শৃদ্র অধম।
ব্রাহ্মণের সেবা—এই মোর নিজধর্ম। ৯৬
সঙ্কোচ না কর তুমি, অমি তোমার দাস।
তোমার সেবা করিলে হয় হৃদয়ে উল্লাস। ৯৭
এত বলি ঝালি বহে, করেন সেবনে।
রঘুনাথের তারকমন্ত্র জপে রাত্রিদিনে। ৯৮
এইমতে রঘুনাথ আইলা নীলাচলে।
মহাপ্রভুর চরণে ঘাই মিলিলা কুতুহলে। ৯৯
দগুপ্রাম করি ভট্ট পড়িলা চরণে।
প্রভু 'রঘুনাথ' জানি কৈল আলিঙ্গনে। ১০০
মিশ্র আর শেখরের দণ্ডবৎ জানাইলা।
মহাপ্রভু তাসভার বার্ত্তা পুছিলা। ১০১
ভাল হৈল, আইলা দেখ কমললোচন।
আজি আমার এথা করিবে প্রসাদভোজন। ১০২

## গৌর-কুণা-তর্গিনী চীকা।

- ৮৯। গোড়পথ—বঙ্গদেশের মধ্য দিয়া যে পথ আছে, সে পথে। ঝালি—পেটারী।
- ৯০। বিশ্বাস রামদাস---রাম্বাস-বিশ্বাস-নামক জনৈক লোক।

বিশাসখানার কায়ন্দ্র—রামদাস-বিশাস জাতিতে কায়স্থ ছিলেন এবং কোনও রাজার অধীনে বিশাসখানা-নামক বিভাগের কর্মনারী ছিলেন।

বিশ্বাস-খানা—্যে রাজকীয় বিভাগে গোগনীয় কাগজপত্রাদি থাকে। রাজার বিশ্বাস—রাজার বিশ্বাসের ভাজন বা বিশ্বস্ত কর্মচারী।

- ৯)। সর্কশান্তে প্রবীণ—সমস্ত শাস্ত্রে অভিজ্ঞ। কাব্য-প্রকাশ—অলঙ্কার-শাস্ত্র-সম্বন্ধে একখানা গ্রন্থের নাম। কাব্যপ্রকাশ-অধ্যাপক—রামদাস-বিশ্বাস কাব্য-প্রকাশ নামক গ্রন্থের অধ্যাপক ছিলেন; ঐ গ্রন্থ তিনি ব্যাখ্যা করিয়া ছাত্রদিগকে পড়াইতেন। রঘুনাথ-উপাসক—তিনি রঘুনাথ-শ্রীরামচক্রের উপাসক ছিলেন।
  - **১২। রামচন্দ্র—**কোনও গ্রান্থে "রাম নাম" পাঠ আছে।
- ৯৩। ভটের ঝালি—রখুনাথ-ভটের পেটারি। বহিয়া চলিজা—রামদাস-বিশ্বাস ভটের ঝালিটী মাথায় বহন করিয়া চলিলেন।
  - ৯৮। তারকমন্ত্র—যে মন্ত্র জপ করিলে ভবসমুদ্র হইতে ত্রাণ পাওয়া যায়। ৩৩,২৪৪ পয়ারের টীকা দ্রষ্টব্য।
- ১০০। প্রভুষখন কাশীতে ছিলেন, তখন তপনমিশ্রের গৃহে আছার করিতেন; সেই সময়ে রযুনাথ প্রভুর সেবা করিতেন। তাই প্রভু তাঁছাকে চিনিতে পারিয়াছিলেন।
  - ১০১। মিশ্র—তপন মিশ্র। শেখর—চক্রশেথর।
  - ১০২। এই পদ্ধার রঘুনাথ-ভট্টের প্রতি প্রভূর উক্তি।

ক্রললোচন—শ্রীজগরাথ। প্রসাদ ভোজন—রূপা করিয়া রতুনাথকে নিজের ভুক্তাংশেষ পাওয়ার স্থাোগ দেওয়ার জন্মই যেন প্রভু তাঁহাকে নিমন্ত্রণ করিলেন। গোবিন্দেরে কহি এক বাসা দেওয়াইলা।
স্বরূপাদি-ভক্তগণদনে মিলাইলা॥ ১০৩
এইমত প্রভুর সঙ্গে রহিলা অফ্টমাস।
দিনেদিনে প্রভুর কুপায় বাঢ়য়ে উল্লাস॥ ১০৪
মধ্যে মধ্যে মহাপ্রভুর করে নিমন্ত্রণ।
ঘরভাত করে আর বিবিধ ব্যঞ্জন॥ ১০৫
রঘুনাথভট্ট পাকে অতি স্থনিপুণ।
যেই রান্ধে, সে-ই হয় অমৃতের সম॥ ১০৬
পরম সন্তোষে প্রভু করেন ভোজন।
প্রভুর অবশেষপাত্র ভট্টের ভক্ষণ॥ ১০৭

রামদাস প্রথম যবে প্রভুরে মিলিলা।
মহাপ্রভু অধিক তাঁরে কুপা না করিলা॥ ১০৮
অন্তরে মুমুক্ষু তেঁহো বিভাগর্ববান্।
সর্ববিচন্তজ্ঞাতা প্রভু সর্ববজ্ঞ ভগবান্॥ ১০৯
রামদাস কৈল তবে নীলাচলে বাস।
পট্টনায়কের গোষ্ঠীকে পঢ়ায় কাব্যপ্রকাশ॥ ১১০
অন্টমাস বহি প্রভু ভট্টে বিদায় দিলা।
'বিভা না করিহ' বলি নিষেধ করিলা॥ ১১১
'বৃদ্ধ মাতা-পিতা যাই করহ সেবন।
বৈষ্ণব-পাশ ভাগবত কর অধ্যয়ন॥ ১১২

#### গৌর কুণা-তরক্লিণী চীকা।

১০৮। **অধিক তাঁরে ক্বপা না করিলা**—সম্পূর্ণ আন্তরিক ক্বপা করেন নাই। ইহার হেতৃ পরবর্তী পয়ারে উক্ত হইয়াছে।

এই পয়ারে বলা হইয়াতে, প্রভূ "প্রথমে" রামদাসকে অধিক রুগা করেন নাই। এই "প্রথমে" শব্দ হইতে বুঝা যায়, প্রভূ পরে তাহাকে সম্পূর্ণ রুগা করিয়াছিলেন।

১০১। মুমুক্সু—মুক্তিকামী; ভজিকামী নহেন। বিজ্ঞাগব্ববান্—বিদ্বান্ বলিয়া অহন্ধার্মুক্ত। রামনাদের মনে ভজিব কামনা ছিল না, ভজি-বিরোধি-মুক্তির কামনা ছিল; তাঁহার চিত্তে বিজ্ঞাবতার অহন্ধারও ছিল; এই জ্ঞাপ্ত প্রথমে তাঁহাকে সম্যক্ রূপা করেন নাই; পরে তাঁহার এই ত্ইটী দোব ত্যাগ করাইয়া, তাঁহাকে সম্যক্ রূপা করিয়া বোধ হয় প্রেম্ভক্তি দিয়াছিলেন।

সর্বাচিত্তজ্ঞাতা— সকলের অন্তর্যামী। প্রভু সর্বজ্ঞ ভগবান্ এবং সকলের অন্তর্যামী বলিয়া রামদাস-বিশ্বাসের মুক্তি-কামনা এবং বিভাগব্বের বিষয় জানিতে পারিয়াছিলেন।

- ১১০। পট্টনায়কের—গোপীনাথ-পট্টনায়কের।
  গোষ্ঠীকে—গুভাদিকে।
- ১১১। বিভা-বিবাহ। মহাপ্রভুরতুনাথ-ভট্টকে বিবাহ করিতে নিষেধ করিলেন। রতুনাথ-ভট্ট ব্রজলীলার রাগমঞ্জরী ছিলেন। "রতুনাথাঝাকো ভট্টঃ পুরা যা রাগমঞ্জরী॥ গৌরগণোদেশ। ১৮৫॥"
- ১১২। "র্দ্ধ পিতামাতা" হইতে "আদিহ নীলাচলে" পর্যান্ত রঘুনাথ ভট্টের প্রতি প্রভুর উপদেশ। রঘুনাথ ভট্টের প্রতি মাতা ছিলেন গৌরগভপ্রাণ পরম-ভাগবত। তাঁহাদের সেবায় তাঁহার ভক্তিপুষ্টির সম্ভাবনা ছিল।

বৈষ্ণবের নিকটে শ্রীমদ্ভাগবত অধ্যয়ন করার জন্ম মহাপ্রভু শ্রীল রখুনাথ ভট্টকে উপদেশ দিলেন। উদেশ এই। ভিজেবস-রিসিক বৈষ্ণব ব্যতীত অপর কেহ—সর্ক্রণাপ্তে স্পণ্ডিত হইলেও—শ্রীমদ্ ভাগবতের গূচ তাৎপর্য় বুঝিতে পারে না। আবার, বৈষ্ণবের কুপাব্যতীত মহাপণ্ডিতও শ্রীমদ্ভাগবতের মর্মা বুঝিতে পারেনা। তাই বলা হয়—"ভক্তা ভাগবতং গ্রাহাং ন বুদ্ধা ন চ টীকয়া।" ভক্তির কুপা হইলেই শ্রীমদ্ভাগবতের মর্মা উপলব্ধি করা যায়; তাহা ব্যতীত কেবল পাণ্ডিত্য বা তীক্ষ বুদ্ধি ধারা, এমন কি টীকার অনুশীলন ধারাও মর্ম্মের উপলব্ধি হয়না। ভক্তির বা ভক্তেব কুপাব্যতীত কেবল পাণ্ডিত্যাদির সহায়তায় টীকাদির অনুশীলন করিতে গেলে মর্মা বুঝা তো দ্রে, হয়তো টীকাদিতে অসঙ্গতি বা কষ্টকল্পনা বা সাম্প্রদায়িক সন্ধীর্ণতাদি আছে মনে করিয়া অপরাধী হওয়ার সন্থাবনাও আছে।

পুনরপি একবার আসিহ নীলাচলে'। এত বলি কণ্ঠমালা দিল তার গলে॥ ১১৩ আলিঙ্গন করি প্রভু বিদায় তাঁরে দিলা। প্রেমে গরগর ভট্ট কাঁদিতে লাগিলা ॥ ১১৪ স্বরূপাদি-ভক্ত-ঠাঞি আজা মাগিয়া। বারাণদী অহেলা ভট্ট প্রভু-আজ্ঞা পাঞা॥ ১১৫ চারি বংসর ঘরে পিতা-মাতা সেবা কৈলা। বৈঞ্চৰপণ্ডিত-ঠাঞি ভাগৰত পঢ়িলা॥ ১১৬ পিতা-মাতা কাশী পাইলে উদাসীন হঞা। পুন প্রভুর ঠাঞি আইলা গৃহাদি ছাড়িয়া॥ ১১৭ পূর্ববং অফ্টমাস প্রভুপাশ ছিলা। অফীমাস বহি পুন প্রভু আজ্ঞা দিলা—॥ ১১৮ আমার আজ্ঞায় রঘুনাথ! যাহা বুনদাবনে। তাহা যাঞা রহ রূপ-সনাতন-স্থানে॥ ১১৯ ভাগবত পঢ় সদ। লহ কৃঞ্নাম। অচিরে করিবেন কুপা কৃষ্ণ ভগবান্॥ ১২০ এত বলি প্রভু তাঁরে আলিঙ্গন কৈলা।

প্রভুর কুপাতে কৃষ্ণপ্রেমে মন্ত হৈলা॥ ১২১ চৌদ্দহাত জগন্ধাথের তুলদীর মালা। ছুটা-পানবিড়া মহোৎসবে পাঞাছিলা॥ ১২২ সে মালা ছুটাপান প্রভু তাঁরে দিলা। 'ইফদেব' করি মালা ধরিয়া রাখিলা॥ ১২৩ প্রভু-ঠাঞি আজ্ঞা লঞা আইলা রুন্দাবন। আশ্রয় করিল আসি রূপ-সনাতন॥ ১২৪ রাণগোদাঞির সভাতে করে ভাগবত-পঠন। ভাগবত পঢ়িতে প্রেমে আউলায় তাঁর মন। ১২৫ অশ্রু কম্প গদ্গদ প্রভুর কৃপাতে। নেত্রকণ্ঠ রোধে বাষ্পা, না পারে পঢ়িতে ॥ ১২৬ পিকস্বর কণ্ঠ, তাতে রাগের বিভাগ। এক শ্লোক পঢ়িতে ফিরায় তিনচারি রাগ॥ ১২৭ क्रायः तरीन्तर्या-भाषूर्या यात পाए-शुरन। প্রেমে বিহবল হয় তবে, কিছুই না জানে॥ ১২৮ গোবিন্দচরণে কৈল আত্মসমর্পণ। গোবিন্দ্চরণারবিন্দ যার প্রাণধন ॥ ১২৯

## গৌর-কুপা-তরঙ্গিণী চীকা।

- ১১৩। কণ্ঠমালা—প্রভুর কণ্ঠস্থিত মালা।
- ১১৭। কাশী পাইলে—কাশীতে দেহত্যাগ করিলে।
- ১২২। **চৌদ্দহাত** ইত্যাদি—জগন্নাথের প্রদাদী চৌদ্দহাত লখা তুলসী-পত্রের মালা। **চুটাপান বিড়া** ছুটা নামক পানের থিলি। পাঞাছিলা—প্রভু পাইয়াছিলেন; জগন্নাথের সেবকগণ মহোৎসব-উপলক্ষে প্রসাদী-মালা ও পান প্রভুকে দিয়াছিলেন।
- ১২৩। প্রস্থারে দিলা-প্রভুর্ঘুনাথভট্টকে রুপা করিয়া দিলেন। ধরিয়া রাখিলা-ভট্ট ধারণ করিলেন।
- ১২৬। অশ্রু ইত্যাদি—প্রেমে অষ্ট নাজিকের উদয় হইল। নেত্র-কণ্ঠরোধে-বাপ্প—বাপা (নেত্রজনা), ভট্টের চক্ষু এবং কণ্ঠকে রোধ করায় তিনি আর ভাগবত পড়িতে পারিলেন না; চক্ষুতে অধিক অশ্রু সঞ্চিত হওয়ায় অক্ষর দেখিতে পারেন নাই; কণ্ঠরোধ হওয়ায় কথা বলিতে পারেন নাই।
- ১২৭। পিক—কোকিল। পিকস্বর কণ্ঠ—রখুনাথভট্টের কণ্ঠস্বর কোকিলের কণ্ঠস্বরের ছায় মধুর ছিল। তাতে রাগের বিভাগ—একে তো ভট্টের কণ্ঠস্বর অতি মিষ্ট; তাতে আবার তিনি নানাবিধ রাগরাগিণীর সহিত ভাগবতের শ্লোক উচ্চারণ করিতেন বলিয়া তাঁহার পাঠ আরও মধুর হইত।

ফিরায় ভিন চারি রাগ—এক এক শ্লোক পড়িতে তিনি তিন চারি রকমের রাগরাগিণী ব্যবহার করিতেন। "তিন চারি"-স্থলে "ছয় ছয়"-পাঠাস্তরও দৃষ্ট হয়।

- ১২৮। কিছুই না জানে—বাহুশ্বতি হারাইয়া ফেলেন।
- ১২৯। গোবিন্দ-চরণে—শ্রীরপগোস্বামীর স্থাপিত শ্রীগোবিন্দ-শ্রীবিগ্রহের চরণে।

নিজ শিয়ে কহি গোবিন্দ-মন্দির করাইল।
বংশী-মকরকুগুলাদি ভূষণ করি দিল।। ১০০
গ্রাম্যবার্ত্তা নাহি শুনে—না কহে জিহবার।
কৃষ্ণকথাপূজাদিতে অফ্টপ্রহর যায়।। ১০১
বৈষ্ণবের নিন্দ্য কর্ম্ম নাহি পাড়ে কাণে।
সবে কৃষ্ণভজন করে—এইমাত্র জানে।। ১০২
মহাপ্রভুর দত্ত মালা মননের কালে।
প্রসাদ-কড়ার-সহ বান্ধিলেন গলে।। ১০০
মহাপ্রভুর কৃপার কৃষ্ণপ্রেম অনর্গল।
এইত কহিল তাতে চৈত্যের কৃপাফল।। ১০৪
জগদানন্দের কহিল বুন্দাবন-আগমন।

তার মধ্যে দেবদাসীর গান-শ্রবণ ॥ ১০৫
মহাপ্রভুর রঘুনাথে কুপা-প্রেমফল।
এক পরিচ্ছেদে তিন কথা কহিল সকল॥ ১০৬
যে এই সব কথা শুনে শ্রদ্ধা করি।
তারে কৃষ্ণপ্রেমধন দেন গৌরহরি॥ ১০৭
শ্রীরূপ-রঘুনাথ পদে যার আশ।
চৈতন্যচরিতামৃত কহে কৃষ্ণদাস॥ ১৬৮
ইতি শ্রীচৈতন্যচরিতামৃতে অন্তাথণ্ডে জগদানন্দবৃদ্দাবনগ্যনং নাম ব্রেয়োদশপরিচ্ছেদঃ॥ ১৩॥

## গৌর-ফুপা-তরক্সিণী টীকা।

- ১৩০। নিজ শিষ্য ইত্যাদি—রবুনাথভট নিজের কোনও এক ধনী শিয়কে বলিয়া শ্রীগোবিনের মন্দির নির্দাণ করাইয়া দিয়াছিলেন এবং শ্রীগোবিনের বংশী, মকর-কুণ্ডলাদি অলঙ্কার তৈয়ার করাইয়া দিয়াছিলেন। জয়পুরাধিণতি মহারাজ মানসিংহই শ্রীগোবিন্জীউর মন্দির করিয়া দিয়াছিলেন; তিনি ভটুগোস্থামীর শিষ্য ছিলেন। শ্রীগোবিন্দজীউর বর্তুমান মন্দিরের নিকটে এখনও সেই অপূর্ব্ব মন্দির বিভ্যমান; ইহার উপরের অংশ এখন নাই।
  - ১৩১। গ্রাম্যবার্ত্তা—বৈষয়িক কথা।
  - ১৩২। নিন্দ্য কর্মা—নিন্দনীয় কর্মোর কথা। নাহি পাড়ে কাণে—শুনেন না।

রঘুনাথ ভট্ট মনে করিতেন, সকলেই শ্রীকৃষ্ণ ভজন করেন ; তাই তিনি বৈষ্ণবের কোনও নিন্দনীয় কার্য্যের কথা কথনও শুনিতেন না।

- ্র ১৩৩। মহাপ্রভুর দত্তমালা—মহাপ্রভু যে চৌদ্দহাত তুলসীর মালা (অথবা যে কণ্ঠমালা) দিয়াছিলেন, তাহা। মননের কালে—লীলা-অরণ-মননের সময়ে। প্রসাদ-কড়ার সহ— প্রসাদী চন্দন সহ। "মননের" স্থলে কোনও কোনও গ্রন্থে "মরণের" পাঠও আছে।
  - ১৩৪। অন্ধল-বাধাশ্ভ।
  - ১৩৬। **রঘুনাথে**—রঘুনাথ ভট্টগোস্বামীর প্রতি।
  - কুপা-প্রেমফলে—কুপার ফল কুফপ্রেম।